In his address to the Hindustan Times Leadership Initiative conference, the prime minister referred to help rendered by many developed economies to the so-called economies in transition (former Soviet bloc countries) to make the transition from centrally planned economies to open market economies. He said the experience of a democracy like ours can be of some help in enabling 'societies in transition' to evolve into open, inclusive, plural, democratic societies. One wonders whether he had in mind West Asian societies and was offering to cooperate with the US and the EU in helping those nations waiting to be transformed into democracies.

Jawaharlal Nehru propagated his ideas through debates in Parliament, addresses to public gatherings and through his letters to the chief ministers. Unfortunately, our Parliament does not function these days in the dignified manner it used to in the Fifties. Security considerations and increased workload have imposed severe restrictions on the time the PM can spend on public meetings. Still, the PM has to devise new ways and means of conveying his world view to carry the political class and bureaucracy with him.

15 NOV 2004 THE HINDUSTAN TIMES

পাওয়েলের মন্তব্যে বিপাকে বিজেপি, আক্রমণ যশোবন্তের

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ২৬ অক্টোবর: এতদিনের অবস্থান পাল্টে আজ আমেরিকাকে প্রবল আক্রমণ করল বিজেপি। দলের নেতাদের মধ্যে যিনি সব সময় আমেরিকার সঙ্গে সম্পর্ক ঘনিষ্ঠ করার পক্ষে সেই প্রাক্তন বিদেশমন্ত্রী যশোবন্ত সিংহই আজ আমেরিকাকে তুলোধোনা করলেন। মার্কিন বিদেশসচিবকে মিথ্যাবাদী বলা থেকে শুরু করে বুশ প্রশাসনকে অকর্মণ্য পর্যন্ত বলেছেন যশোবন্ত।

বিজেপি-র এই আমেরিকা-বিরোধী মনোভাব নেওয়ার পিছনে রয়েছে কলিন পাওয়েলের সাম্প্রতিক সাক্ষাৎকার। সেখানে তিনি দাবি করেছেন, আমেরিকার মধ্যস্থতাতেই পাকিস্তানের সঙ্গে শান্তিপ্রয়াস শুরু করে ভারত। তিনিই অটলবিহারী বাজপেয়ী ও মির জাফারুল্লা খান জামালির মধ্যে ফোনে কথা বলার ব্যবস্থা করে দেন। বাজপেয়ীর সঙ্গে এ নিয়ে ফোনে কথাও হয় বলে জানিয়েছেন পাওয়েল। তাঁর এই মন্তব্যে এনডিএ সরকার আমেরিকার কথামতোই চলেছে বলে মনে হতে পারে। আর তাতেই ক্ষুব্ধ বিজেপি যশোবন্তকে দিয়ে পাল্টা আক্রমণ চালিয়েছে আমেরিকার বিরুদ্ধে।

আজ যশোবন্তের পাল্টা দাবি, "পাওয়েল যা বলেছেন তা বানানো। প্রধানমন্ত্রী হওয়ার পর বাজপেয়ীর সঙ্গে তাঁর ফোনে কথা হয়নি। সাড়ে চার বছর বিদেশমন্ত্রী থাকার সুবাদে জানি কী হয়েছে আর কী হয়নি। ইরাকের কাছে পরমাণু অস্ত্র থাকার বিষয়ে আমেরিকার দাবি যেমন মনগড়া ছিল, বাজপেয়ীর সঙ্গে পাওয়েলের টেলিফোন সংলাপও ঠিক সে রকমই মনগড়া। আমি জানতাম না, বিদেশনীতি রচনা করা ছাড়া মার্কিন বিদেশ দফতর এখন একটা টেলিফোন এক্সচেঞ্জে পরিণত হয়েছে।" ক্ষমতায় থাকার সময় আমেরিকার কাছাকাছি আসার নীতি নিয়েছিল বিজেপি। কিন্তু এখনই ফের ক্ষমতায় ফিরে আসা আর সম্ভব নয় দেখেই বিজেপি এই ভাবে আমেরিকার সমালোচনা করছে বলে ধারণা রাজনৈতিক মহলের। বিজেপি নেতারাই বলছেন, পাঁচ বছর বিরোধী দলের ভূমিকায় থাকার প্রস্তুতি দল নিয়ে ফেলেছে। বিরোধী আসনে থেকেই এই ধরনের সমালোচনা সম্ভব।

আমেরিকার মধ্যস্থতার দাবি উড়িয়ে দিয়ে যশোবন্ত বলেন, "এন ডি এ সরকার ভেবেচিন্তে পাকিস্তানের সঙ্গে শান্তিপ্রয়াস শুরু করেছিল। তাতে আমেরিকার ভূমিকা ছিল না।" পাওয়েলের দ্বিতীয় দাবিটি হল, দু'বছর আগে আমেরিকাই ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধ হতে দেয়নি। কারণ, তা পরমাণু যুদ্ধের চেহারা নিতে পারত। যশোবন্তের জবাব, ২০০১-এর ডিসেম্বরে সংসদ আক্রান্ত হয়। তার পরে সীমান্তে সেনা মোতায়েন করা হয়েছিল। ২০০২ সালের অক্টোবরে তা প্রত্যাহার করা হয়। পরমাণু যুদ্ধের সম্ভাবনা পাওয়েলের কল্পনাপ্রসূত।

পাওয়েলের সাক্ষাৎকার প্রথমে প্রকাশিত হয় মার্কিন পত্রিকায়। পরে তা দেশের কিছু পত্রিকাতেও ছাপা হয়েছে। কংগ্রেসের বিরুদ্ধে বিজেপি যখন জাতীয়তাবাদকেই প্রচারের প্রধান হাতিয়ার করার কথা ভাবছে ঠিক তখনই পাওয়েলের উক্তি বিজেপি-কে বেশ বেকায়দায় ফেলেছে। আমেরিকার সমালোচনার পাশাপাশি ইউ পি এ-রও কড়া সমালোচনা করেন যশোবন্ত। এই সরকার জাতীয় স্বার্থ দেখছে না বলে অভিযোগ করে তাঁর প্রশ্ন, মনমোহন সরকার কেন এত তড়িঘড়ি কৌশলগত অংশীদারীর চুক্তি সই করল।

27 OCT 2004

Vajpayee, who?

The man who put India in US poll map

Campaigning during the 2000 US presidential elections, George Bush couldn't quite remember who India's Prime Minister was. He also called the people of Greece Grecians. English is still Greek sometimes to President Bush but India is no longer a strange country to him. Or to John Kerry. One of the significant aspects of 2004's campaign, from India's point of view, is that whoever sits in the Oval Office next January will do so without the luxury of remaining ignorant of the world's second most populous nation and one of the fastest growing economies. Much of the credit for that goes to the Prime Minister whose name Bush couldn't recall. Atal Behari Vajpayee transformed US-India relations and did this despite authorising India's second nuclear test. Partly because in the world of realpolitik, Pokhran-II made the West take India seriously. And partly because he put Jaswant Singh on a mission to explain India's rationale to America. The Jaswant Singh-Strobe Talbott talks were the foundations on which President Bill Clinton's interest in this country was built. It survived the Bush administration's monomania with the "war or terror", in which India was denied the role it deserved, having been a victim of terrorism itself. Cleverly, the Vajpayee administration stayed away from the Iraq controversy. But neither did Vajpayee give in on the question of sending troops to Iraq. Most notably, however, Vajpayee's administration sold India's economic potential with a sleekness not found in any previous government. By the time Vajpayee lost power, he had put India on America's world map. Which is why Kerry, in a recent interview, sounded as if he has been briefed by India's foreign ministry. The Democratic challenger criticised the Bush White House for treating India and Pakistan as equals, for, thereby, not advancing Indo-US relations, for not making a clearer case that India is a victim of terrorism. It had been conventional wisdom in India that a Kerry administration will be problematic because Democrats tend to be more preachy on issues like non-proliferation. But Kerry may not prove to be an irritant after all.

The question is will India's new government be? Manmohan Singh's US visit went off rather well. But nothing much was at stake in the visit. When big ticket issues — trade, terrorism cooperation, help in Iraq at some future date — come up, the Congress will have to be pragmatic and not prickly and it will have to tell the Left to take a hike. There's a big question mark on whether this can be achieved. If it's not, American presidential candidates will still remember India's Prime Minister's name — but for the wrong reasons.

STATESMAN 19 OCT 2004

America offers India Patriot missile shield

Saurabh Shukla
New Delhi, October 15

IN FURTHER indication that the Indo-US strategic partnership is flowering, Washington has offered Delhi the Patriot advanced-capability missile defence system, also known as PAC III. US officials made the offer during talks on the sidelines of the UN General Assembly, sources revealed.

The sale, however, may be linked to New Delhi getting on board the American National Missile Defence (NMD) system as the PAC III can be integrated into a broader NMD framework.

The missile system, each priced at $90 million, is manufactured by the Raytheon Corporation of the US and was given to Israel in 2003. The system was used during Operation Desert Storm and deployed by Israel and Saudi Arabia, though with limited success.

PAC III can give India a deterrent against Pakistani and Chinese attack aircraft and ballistic missiles. It can also beat off an accidentally launched missile.

India is not averse to installing such a system but has not yet made a firm decision on the US offer. One reason for this is: New Delhi is also considering the Israeli-made Arrow anti-ballistic system. "Buying a weapons system is a long procedure. We are still talking to them. But they have made a sale offer," a senior official said.

Also, though the US side has made its presentations to the Indian armed forces, an actual sale will need a US congressional nod. Any sale of US defence equipment worth over $14 million requires Congress approval. While Congress can clear it without a discussion, it may call for a hearing on the deal.



Buffer in the sky

Use The $90m Patriot is an air defence system that can defeat both attack aircraft and missiles

Track record Given to Israel in 2003. Earlier used with mixed success in the 1991 Gulf war, deployed by Israel and Saudi Arabia

Components A phased array radar, an engagement control station and up to 8 launchers each of which holds 4 ready-to-fire missiles

Deal sealed? No. India is also considering the Israeli Arrow anti-ballistic system

If the sale goes through, PAC III will vastly enhance India's air defence capabilities, especially relating to missiles, including nuclear-capable ballistic missiles.

Apart from PAC III, the US has also offered Perry-class frigates and Sea Hawk choppers to the Indian Navy. Last year, it gave India two fire-finder battery radars out of the 12 it had promised.

The Patriot offer comes with an assurance that the US would like an all-weather defence relationship with India and that the next step in the strategic partnership, to be unveiled by January, would put defence co-operation on a firmer footing.

THE HINDUSTAN TIMES 16 OCT 2004

বিমা, টেলিকম, বিমানে বিদেশি লগ্নি বাড়াতে বুদ্ধেরই দ্বারস্থ মার্কিন সংস্থা

স্টাফ রিপোর্টার: বিমা, টেলিকম এবং বিমান পরিবহণে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের মাত্রা বাড়ানোর জন্য এ বার সরাসরি মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সাহায্য চাইলেন মার্কিন লগ্নিকারীদের ভারতীয় প্রতিনিধিরা।

এই প্রশ্নে কেন্দ্রীয় অর্থমন্ত্রী পি চিদম্বরমের পাশে দাঁড়ানোর জন্য বুদ্ধবাবুকে মঙ্গলবার মহাকরণে এক বৈঠকে মার্কিন সংস্থাগুলির সংগঠন অ্যামচ্যামের কর্তারা যে-অনুরোধ করেছেন, তা সি পি এমের রাজনৈতিক অবস্থানের ঠিক বিপরীত। নিজের দল যার বিরুদ্ধে সরব, সেই দাবি রাখার প্রতিশ্রুতি দিতে না-পারলেও মার্কিন বিনিয়োগকে খোলা মনে স্বাগত জানাতে অন্তত তিনি এবং তাঁর রাজ্য যে তৈরি, সংগঠনের সদস্যদের তা পরিষ্কার জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

এ দিনের বৈঠকে মুখ্যমন্ত্রী যা বলেছেন, বাইরে সাংবাদিকদের কাছে তার পুনরাবৃত্তি করে শিল্পমন্ত্রী নিরুপম সেন বলেন, জাতীয় স্তরে বিদেশি লগ্নি নিয়ে বিতর্ক চালু থাকলেও রাজ্যে বিদেশি বিনিয়োগ নিয়ে আমাদের কোনও সমস্যা নেই। বামপন্থীদের সংস্কার-দর্শন অধ্যয়নের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের আন্ডার সেক্রেটারি অব কমার্স কেনেথ জাস্টারের সফরের এক দিন আগে বুদ্ধবাবুর এই বার্তা তাঁর নিজের সংস্কারপন্থী ভাবমূর্তিই উজ্জ্বলতর করবে বলে ধারণা অ্যামচ্যামের সদস্যদের।

এ দিন ঘণ্টা দেড়েকের বৈঠকের পরে অ্যামচ্যামের চেয়ারম্যান সুনীল মেটা ও কলকাতায় নিযুক্ত মার্কিন কনসাল জেনারেল জর্জ সিবলি এক সুরে জানিয়েছেন, পশ্চিমবঙ্গের মাটি যে মার্কিন লগ্নির জন্য উন্মুক্ত, বুদ্ধবাবু সেই ব্যাপারে তাঁদের আশ্বস্ত করেছেন। সংশ্লিষ্ট মহলের ধারণা, বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে তিনি যে মুক্তমনা, জাস্টারের সফরের এক দিন আগে এই বার্তা ছড়িয়ে দিতে অ্যামচ্যামের মঞ্চটি ব্যবহার করেছেন বুদ্ধবাবু।

সুনীল মেটা এ দিন মুখ্যমন্ত্রীকে জানিয়েছেন, বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগকে ঘিরে (সি পি এমের মনে) যে-ধারণা তৈরি হয়েছে, তা ভ্রান্ত। আর তার অবসান ঘটাতে তাঁর এবং কেন্দ্রে অন্য (বামপন্থী) সহকর্মীদের সঙ্গে আলোচনা চান তাঁরা। বৈঠকের আগাগোড়াই এই সুর ধরে বিদেশি প্রত্যক্ষ বিনিয়োগ নিয়ে জোর সওয়াল করেন মার্কিন বিমা বহুজাতিক এ আই জি-র ম্যানেজিং ডিরেক্টর মেটা।

কোনও রাখঢাক না-করেই মেটা বলেন, "অ্যামচ্যাম মনে করে, বাজেটে টেলিকম, বিমান পরিবহণ ও বিমা ক্ষেত্রে বিদেশি বিনিয়োগের ঊর্ধ্বসীমা তুলে দেওয়া ঠিক সিদ্ধান্ত। এর ফলে বিদেশি লগ্নির নতুন পথ খুলে যাবে, যার ফলে কর্মসংস্থানের পাশাপাশি বাড়বে বাজারের গভীরতাও। ...আমরা আশাবাদী যে, এই সংস্কার প্রক্রিয়া মসৃণ করতে আপনার দল ইউ পি এ সরকারকে সমর্থন করবে।"

বৈঠকের পরে সাংবাদিকদের কাছে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের উপরে জোর দেন অ্যামচ্যামের সদস্যেরা। মেটা বলেন, "এ রাজ্যের ভাবমূর্তির একটা সমস্যা ছিলই। তবে সেই সমস্যা কাটিয়ে ওঠার জন্য মুখ্যমন্ত্রীর সঙ্গে মুখোমুখি বৈঠকই সর্বোৎকৃষ্ট পন্থা।" পাশাপাশি তাঁরা বুদ্ধবাবু এবং তাঁর সরকারের লগ্নি আকর্ষণের প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেন।

অ্যামচ্যামের সদস্যেরা ২০১০ সালের মধ্যে ভারতে মার্কিন প্রত্যক্ষ বিনিয়োগের পরিমাণ বছরে দু'কোটি ডলারে নিয়ে যেতে চান। এ দিনের বৈঠকে যে-সব মার্কিন সংস্থার কর্তারা এসেছিলেন, সেগুলির প্রতিটিই অত্যন্ত প্রভাবশালী বহুজাতিক— সিটি ব্যাঙ্ক, এ আই জি, ফোর্ড, অর‍্যাকল, ইউ পি এস। সরকারের তরফে মুখ্যমন্ত্রী ও শিল্পমন্ত্রীর পাশাপাশি ছিলেন মুখ্যসচিব, শিল্পসচিব ও শিল্পোন্নয়ন নিগমের ম্যানেজিং ডিরেক্টর। আগামী বছর অ্যামচ্যাম কলকাতায় তাদের দফতর খুলবে বলে বুদ্ধবাবুকে জানান মেটা। মার্কিন বিনিয়োগ টানতে এই সংগঠন যে সরকারকে সাহায্য করতে পারে, তা-ও জানিয়েছেন তিনি।

এ দিকে, দিল্লিতে কংগ্রেস নেতৃত্বে জোট সরকার যে-বামপন্থীদের সমর্থনে টিকে রয়েছে, সেই বামপন্থীদের সংস্কারমনস্কতা বুঝতে দেড় দিনের সফরে আজ, বুধবার কলকাতায় আসছেন কেনেথ জাস্টার। ভারত-মার্কিন উচ্চপ্রযুক্তি সহযোগিতা গোষ্ঠীর চেয়ারম্যান জাস্টার বুশ সরকারের প্রতিমন্ত্রী স্তরের প্রশাসক। ব্যুরো অব ইন্ডাস্ট্রি অ্যান্ড সিকিওরিটির দায়িত্বপ্রাপ্ত জাস্টার দেখাশোনা করেন মার্কিন নীতির সেই অংশ, যেখানে মার্কিন জাতীয় নিরাপত্তা, বিদেশনীতি ও আর্থিক স্বার্থ মিশে গিয়েছে।

সেপ্টেম্বরে প্রধানমন্ত্রী মনমোহন সিংহ ও মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশের সফল বৈঠকের পরেই জাস্টারের এই কলকাতা সফর বিশেষ মাত্রা পেয়েছে বলে মনে করছে কলকাতার শিল্প-মহল। এই সফরে বামফ্রন্ট সরকারের দুই সংস্কারপন্থী মুখ বুদ্ধদেব ভট্টাচার্য ও নিরুপম সেনের সঙ্গে বৈঠক করবেন জাস্টার। এ ছাড়া আলোচনা রয়েছে সি আই আই এবং ইন্দো-আমেরিকান চেম্বার অব কমার্সের সদস্যদের সঙ্গেও।

ANADABAZAR PATRIKA 13 OCT 2004

THE HINDU
12 OCT 2004

India, U.S. not to disclose details of missile defence talks

By Our Diplomatic Correspondent

NEW DELHI, OCT. 11. The Indian and American governments have chosen to keep the details of the talks on missile defence to themselves, the visiting U.S. Under-Secretary of State for Commerce, Kenneth Juster, told presspersons this evening.

Asked to comment on published remarks of the U.S. Ambassador to India, David Mulford, that the two countries had already discussed technology and systems, Mr. Juster said he had not seen the quote and would not go beyond what he had said.

Missile defence, along with civilian space, civilian nuclear and high technology exports form a cluster of issues that have been discussed by India and the United States for some time now. The visiting U.S. official did not see many changes between the previous BJP-led government and current one led by the Congress on these issues.

Mr. Juster, who met the Foreign Secretary, Shyam Saran, the National Security Adviser, J.N. Dixit, and the Defence Research & Development Organisation (DRDO) chief, M. Natarajan, today, claimed that "penalties" and not "sanctions" had been imposed by the U.S. against two retired Indian scientists, Y.S.R. Prasad and C. Surendar.

Asked what the U.S. response was to the Indian request to review and withdraw the move against the two scientists, the official said Washington had been engaged in discussions with New Delhi. This was an "ongoing" issue and there would be more discussions.

Giving details of high technology American exports to India, he said the value of such trade in the U.S. fiscal year (ending September 30) 2001 was $27 million. At the end of fiscal 2004, the figure had risen to $90 million.

According to him, the U.S. was working with India to improve export controls and this would continue throughout the Next Steps in Strategic Partnership (NSSP), currently under discussion between the two countries.

Technology group meets

The External Affairs Ministry spokesman said a meeting of the High-Technology Cooperation Group (HTCG) between India and the U.S., co-chaired by Mr. Juster and Mr. Shyam Saran, was held today. The two countries agreed that the U.S. Assistant Secretary of State for South Asia, Christina Rocca, would be in the capital from October 20 to discuss the implementation of the first phase of the NSSP, which the two countries had agreed to recently.

Ms. Rocca and her Indian counterpart, S. Jaishankar, Joint Secretary in the External Affairs Ministry, would also prepare the ground for phase two negotiations under the NSSP.

Asked if the U.S. had responded to the Indian request to lift the restrictions against two of its scientists, the spokesman replied: "Well, I do not have a readout from today's meeting, whether we have a response on that. As I have said, we have already communicated this [the Indian concern]..."

Engaged, not estranged

Indo-US ties need convergence of mindsets on crucial concerns

■ JASJIT SINGH

US ambassador Dennis Kux, in the title of his book, *Estranged Democracies*, had encapsulated the nature of relations between the world's largest democracy and the most powerful, over the period which coincided with the Cold War — 1947-91. By the time history crossed the last chapter of the book, estrangement had started to move on to engagement. And like in all engagements, there are moments of euphoria, of great expectations often far above what is possible or probable, and worries about actions that look different from different perspectives half way across the world and from an asymmetrical power equation.

Given the emerging constellation of global power and international equations, the shift from estrangement to engagement was almost inevitable. It is therefore but natural that the Bush-Manmohan meeting would have produced reinforced optimism in spite of a new government in New Delhi and a lame duck administration in Washington under siege for its Iraq War.

It is against this background that we need to see the important issues that come under the long-winded title 'Next Steps in Strategic Partnership' (NSSP). Compared to the period of Kux's definition of "estrangement", the period of engagement has clearly placed both countries on the path of convergence in a whole range of issues even though there are miles to go. For example, nuclear non-proliferation is an important issue for the US; but one wonders whether the fact that it is so for India, too, is understood and factored into policy? And how far is each country willing to admit to change? While views on the progress of NSSP would differ in the two countries as seen in recent writings in our media — and its total absence in US media — there is a need to look beyond its specifics.

The core conceptual issue is whether building future India-US relations, or "next steps" in that process, are to be along a linear path or along multiple parallel paths where each individual path may or may not be necessarily conditioned by linearity. Obviously, NSSP issues are very important. But they cannot, and must not, be allowed to become the central touchstone of bilateral relations. It is also clear that at every step in this process, Americans are likely to feel that they are moving rapidly and Indians would feel the progress too slow and cumbersome. But if we look at the overall relationship in terms of parallel paths, the report card is far more positive than is generally realised. Look at the points of convergence: economic trade and technology issues (with US companies outsourcing R&D to India), US investments in the Indian economy, transnational terrorism, energy security on which depends India's human development (and America's quality of life), defence co-operation (which seems to lag in spite of high-profile military to military contacts and exercises), and so on.

The core issue is whether building future India-US ties, or 'next steps' in that process, are to be along a linear path or along multiple parallel paths

It is in this context that we come back to one issue in the NSSP: nuclear power — and no-proliferation. Both President Bush and Senator John Kerry have named nuclear proliferation as "the single most serious threat to the national security of the United States". Given the past record and the non-proliferation hawks in the US, this has been, and is likely to remain, a major stumbling block in our bilateral relations. But it is surprising that the much admired US strategic culture fails to recognise that US policies only lead to retarding India's capability to remove poverty and improve human lives without in any way affecting the object of the US non-proliferation target: our nuclear weapons capability.

The trouble is that strategic thinking in the US — which has generally been admired — has been stuck in the groove of linearity of global nuclear non-proliferation although official policy in practice is driven much more by country-specific interests. Take Pakistan, for example — the world's most recent and biggest nuclear proliferator — being made a major non-NATO ally! Or the way Washington happily abandoned its non-proliferation policy to allow Pakistan to build its nuclear weapons capability in the '80s while creating the Mujahideen that ultimately undertook the Islamic jihad that the US is now fighting! Or the recent study, *Universal Compliance*, led by George Perkovich, vice-president of Carnegie Endowment for International Peace, that lists eight policy recommendations which require action by India without pointing to a single incentive for it to do so!

The challenge for both India and the US is to reconcile non-proliferation policies with the imperatives of nuclear power for India. China, accused by the US for decades as the largest proliferator, is adding 40,000 MW of nuclear power to its existing 6,500MW (from nine reactors) capacity by 2020 — mostly with foreign assistance. India, which can at best hope to achieve its target of 20,000 MW by that time (from the present level of 2,500 MW produced by 14 reactors), is denied assistance to enlarge its civilian capacity even under international safeguards.

Strobe Talbott, former under secretary of state in the Clinton administration, has argued for adopting a '5+2' formula whereby "India and Pakistan would earn a degree of leniency in exchange for their yielding to international arms control measures and non-proliferation safeguards". In a way this can be achieved most effectively through adding a protocol to the NPT, as suggested by Thomas Graham and Anver Cohen in the *Bulletin of Atomic Scientists* a few months ago. This idea needs further exploration in spite of long-held beliefs about the NPT on both sides. The major problem for non-proliferation is to control the nuclear materials.

The menu of parallel steps, therefore, would include other measures like a treaty to stop future production of weapon grade material, a treaty cosponsored by India and the US in '93. Now that the US has shown willingness to start negotiations on this treaty, we should give it an additional momentum. But tangible progress in opening up cooperation in nuclear power would be necessary if a stronger stimulus for working together on non-proliferation is to be provided.

'NDIAN EXPRESS 1? OCT 2004

বাম-বিরোধিতাকে আমল দিচ্ছে না কেন্দ্র

মার্কিন প্রস্তাবে দিল্লির সাড়া

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৬ অক্টোবর: বামেদের প্রবল চাপ সত্ত্বেও উত্তর-পূর্বাঞ্চলের জঙ্গি-সন্ত্রাস মোকাবিলায় মার্কিন সহায়তার প্রস্তাব খারিজ করে দিতে রাজি নয় ভারত।

আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শিবরাজ পাটিল দ্ব্যর্থহীন ভাবে জানিয়েছেন, বিশ্বব্যাপী সন্ত্রাসের মোকাবিলা সমস্ত দেশের মিলে মিশে করার প্রক্রিয়াই এখন চলছে। স্বরাষ্ট্র মন্ত্রকের বক্তব্য, 'আজকাল সন্ত্রাসবাদের কোনও ভৌগোলিক সীমারেখা থাকছে না। তাই সন্ত্রাস দমনে পারস্পরিক সহযোগিতা জরুরি হয়ে পড়ছে।' শিবরাজ আজ জানান, "শেষপর্যন্ত অবশ্য এ ব্যাপারে সিদ্ধান্ত নেবে বিদেশ মন্ত্রকই।" পাশাপাশি বিদেশ মন্ত্রক সূত্রে আজ জানানো হয়েছে, এখনই এই প্রস্তাব ফিরিয়ে দেওয়া হবে না। তবে আমেরিকার প্রস্তাব ফিরিয়ে না ফেরানোর সঙ্গে সঙ্গে কেন্দ্র এই দাবিও করছে যে নাশকতার তদন্ত করার ক্ষমতা ভারতের নিজেরই রয়েছে।

সরকারের সমর্থক বামশিবির বিষয়টি নিয়ে অবশ্য আজও সরব হয়েছে। সি পি এম পলিটব্যুরোর পক্ষ থেকে বিবৃতি দিয়ে বলা হয়েছে, আমেরিকার এই সাহায্য প্রস্তাব 'ঘোরতর নিয়ম-বিরোধী, দেশের অন্তর্বর্তী বিষয়ে সরাসরি হস্তক্ষেপ। অসম-বিস্ফোরণের ঘটনায় এন ডি এফ বি এবং আলফা দায়ী। এই নিয়ে কোনও রহস্য নেই। এখানে এফ বি আই-এর তদন্ত করারও কোনও প্রয়োজন নেই।' পাশাপাশি সি পি আই-এর ডি রাজা মন্তব্য করেছেন, "মার্কিন সহায়তার প্রস্তাব এক রকম নাক গলানোরই সামিল।" বি জে পি-র পক্ষ থেকেও মার্কিন সহায়তা ফিরিয়ে দেওয়ার দাবি জানানো হয়েছে।

বিদেশ মন্ত্রক কাল রাতেই একটি বিবৃতি দিয়ে জানায়, আমেরিকার এই প্রস্তাব বিবেচনা করা হবে। সরকারি সূত্রের খবর, এই প্রস্তাবটি আসার পর প্রধানমন্ত্রী মনমোহন সিংহ তা নিয়ে আলোচনা করেন প্রতিরক্ষামন্ত্রী প্রণব মুখোপাধ্যায়, বিদেশমন্ত্রী নটবর সিংহের সঙ্গে। সিদ্ধান্ত হয়, মার্কিন রাষ্ট্রদূতের দেওয়া এই প্রস্তাব ফিরিয়ে দিলে তা হবে ভুল কূটনৈতিক চাল। বিশেষত এমন পরিস্থিতিতে, যেখানে বাংলাদেশের সঙ্গে জঙ্গিশিবির প্রশ্নে কূটনৈতিক দরকষাকষি চালাচ্ছে ভারত। এখন মার্কিন প্রস্তাব প্রত্যাখ্যান করলে বাংলাদেশই সুবিধা পেয়ে যাবে বলে মনে করা হচ্ছে। বাংলাদেশের মাটিতে ভারত-বিরোধী জঙ্গি কার্যকলাপের পিছনে আমেরিকার হাত আছে বলে সি পি এমের অভিযোগ। এই অবস্থায় মার্কিন গোয়েন্দাদের সাহায্য নিয়েই বাংলাদেশের উপর চাপ সৃষ্টি করা অনেক সহজ এবং কূটনৈতিক দিক থেকে যথোচিত হবে বলে মনে করছে বিদেশ মন্ত্রক। তাই আপাতত স্থির হয়েছে, যৌথ অভিযান না করা হলেও, গোয়েন্দা পর্যায়ে আমেরিকার সঙ্গে সার্বিক সমন্বয় রেখেই চলবে ভারত।

আজ স্বরাষ্ট্রমন্ত্রী মার্কিন সাহায্য প্রস্তাবের বিষয়ে বলেছেন, "মার্কিন রাষ্ট্রদূত আমাদের বিপর্যয়ের দুঃখে শরিক হয়ে একটি চিঠি লিখেছেন। মার্কিন এই মনোভাব অত্যন্ত মূল্যবান। বিশ্বব্যাপী সন্ত্রাসের মোকাবিলা সমস্ত দেশ মিলে মিশে করবে, সেটাই এখন দস্তুর। এর পর বাকিটা আমরা বিদেশমন্ত্রকের হাতে ছেড়ে দিয়েছি।" স্বরাষ্ট্রমন্ত্রকের উত্তরপূর্বাঞ্চল বিষয়ক বিশেষ সচিব অনিল চৌধুরি বলেন, "আন্তঃসীমান্ত সন্ত্রাস বন্ধ করার প্রশ্নে আমরা আমেরিকার সঙ্গে হাত মিলিয়েছি। আমরা নিজেরাও এই সন্ত্রাস মোকাবিলা করার ক্ষমতা ধরি। তা সত্ত্বেও আমরা এই প্রস্তাব প্রত্যাখ্যান করছি না।" বিদেশমন্ত্রক সূত্রে জানানো হয়েছে, বিভিন্ন স্তরে আমেরিকার সঙ্গে ভারতের সন্ত্রাস-বিরোধিতা নিয়ে আলোচনা হয়। তার নির্দিষ্ট নির্দেশিকা রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রক নিজে তদন্তের বিষয়টি বিবেচনা করে দেখুক। তারপর যদি সাহায্যের প্রয়োজন হয় তখন দেখা যাবে।

কেন্দ্রকে না জানিয়ে সরাসরি রাজ্যের হাতে প্রস্তাব পাঠানো আইন বর্হিভূত কি না, তা নিয়ে অবশ্য আনুষ্ঠানিক ভাবে মুখ খুলতে চায়নি বিদেশ মন্ত্রক। তবে ঘরোয়া ভাবে জানানো হয়েছে বিষয়টি কিছুটা অস্বাভাবিক। অবশ্য এই 'অস্বাভাবিকতা'কে বিদেশ মন্ত্রক বা স্বরাষ্ট্র মন্ত্রক কেউই যে খুব বড় করে দেখছে না, তা আজ বুঝিয়ে দেওয়া হয়েছে। অন্য দিকে এই বিষয়টি নিয়ে আজও ঝড় তুলেছে সি পি এম। দলীয়

এর পর ছয়ের পাতায়

মার্কিন প্রস্তাবে দিল্লির সাড়া

প্রথম পাতার পর

বিবৃতিতে বলা হয়েছে, "কেন্দ্রীয় সরকারের কর্তব্য এই মার্কিন প্রস্তাব এক কথায় নাকচ করে দেওয়া। সন্ত্রাসবাদী কার্যকলাপ ঠেকাতে কেন্দ্রের উচিত অবিলম্বে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য সরকারগুলির সঙ্গে সহযোগিতা করা।"

অসমের মুখ্যমন্ত্রীকেও একহাত নিয়ে সি পি এমের পক্ষ থেকে বলা হয়েছে, "মার্কিন রাষ্ট্রদূতের চিঠির প্রতিক্রিয়ায় অসমের মুখ্যমন্ত্রীও ইতিবাচক সংকেত দিয়েছেন। বিষয়টি অত্যন্ত নিন্দ্যনীয়। দেশের সার্বভৌমত্বের মৌলিক ধারণাটুকুও তরুণ গগৈ-এর নেই।"

সরকারি পদক্ষেপ

ইতিমধ্যে অসম ও নাগাল্যান্ডের বিস্ফোরণের পরিপ্রেক্ষিতে বেশ কিছু ব্যবস্থা 'যত দ্রুত সম্ভব' নেওয়ার কথা ঘোষণা করেছে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। সেগুলি হল—

- উত্তর-পূর্বাঞ্চলের সন্ত্রাস মোকাবিলায় 'ইউনিফায়েড কম্যান্ড' শীঘ্রই কাজ শুরু করবে। ৮ অক্টোবর অসমের বিষয় নিয়ে প্রথম বৈঠক হবে। উপদ্রুত রাজ্যগুলির মুখ্যসচিবেরা ওই বৈঠকে উপস্থিত থাকবেন।
- কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাকে বলা হয়েছে বিভিন্ন রাজ্যের গোয়েন্দা বিভাগের মধ্যে তথ্য আদানপ্রদানের ক্ষেত্রে সমন্বয় সাধকের ভূমিকা পালন করতে। সেই সঙ্গে কিছু 'স্মল ট্যাকটিকাল গ্রুপ' তৈরি করা হয়েছে।
- রেলপথ এবং তেলের পাইপলাইনে অতিরিক্ত নজরদারির ব্যবস্থা করা হয়েছে। এই ক্ষেত্রে অতিরিক্ত রেল সুরক্ষা বাহিনী এবং কেন্দ্রীয় সুরক্ষা বাহিনী মোতায়েন করা হবে।
- পর্যায়ক্রমে অতিরিক্ত ২০ কোম্পানি সি আর পি এফ এবং বি এস এফ উপদ্রুত রাজ্যগুলিতে পাঠানো হবে। মহারাষ্ট্র নির্বাচনের পর তা আরও বাড়ানো হবে বলে জানানো হয়েছে।
- উত্তর-পূর্বাঞ্চলের ৭টি রাজ্যের প্রতিটিতে একজন করে নোডাল অফিসার পাঠানো হবে।
- ১৪ ও ১৫ অক্টোবর উত্তর-পূর্বের সাতটি রাজ্যের ডি জি (পুলিশ), গোয়েন্দা বাহিনী, কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার প্রতিনিধি এবং নিরাপত্তা সংক্রান্ত অফিসাররা জঙ্গি মোকাবিলা বিষয়ে একটি বৈঠকে বসবেন।

ANADABAZAR PATRIKA 7 OCT 2004

FBI HELP OFFERED IN NORTH-EAST

MEA livid with US envoy

Statesman News Service

NEW DELHI/GUWAHATI, Oct. 5. — The Union government is livid with the American ambassador, Mr David C Mulford, who has offered the services of the Federal Bureau of Investigation (FBI) to fight terrorism in Assam and Nagaland.

In identical letters to the two chief ministers and Union home minister Mr Shivraj Patil, Mr Mulford said: "The United States has considerable expertise in investigative techniques, including, for example, such areas as forensic analysis of explosive residues. Should you find it helpful, the FBI would be pleased to provide technical support for your investigation."

Assam chief minister Mr Tarun Gogoi told a press conference in Guwahati that he was ready to accept the offer if the Centre gave the clearance and did not compromise on national security.

The Centre is outraged over the fact that the ambassador has written directly to the two chief ministers, senior officials said tonight. In a curt statement, the MEA said: "The US Ambassador in India has made an offer of FBI assistance for investigation of the recent bomb blasts which have taken place in Assam and Nagaland, in terms of the ongoing cooperation between our two countries on counter-terrorism. The offer will be considered in terms of the existing guidelines of the Government of India."

The offer is being viewed as another act of "big brotherliness that we can do without". It has come as a setback after the recent high-profile visit of the Prime Minister to the United States, during which he met President Bush.

"This is something they do with Pakistan all the time," a senior official said, terming the act "unusual". "This blatant interference is unprecedented." The official said: "We'll do much better than them (in tracking down those responsible for the blasts). Our CBI is much better."

Bandh cripples North-east: page 4

Ultras kill 10 more

GUWAHATI, Oct. 5. — Suspected NDFB militants gunned down 10 people in Dhubri district this evening. Several others were injured. The militants fired indiscriminately at the Jalabeel market near Mahamaya Reserve Forest, about eight km from NH-31. Four of the critically injured have been admitted to Dhubri civil hospital. — SNS

THE STATESMAN 6 OCT 2004

বিতর্ক, চটেছেন ইয়েচুরি, বিমান

জঙ্গি মোকাবিলায় মার্কিন সাহায্যের চিঠি গগৈকে

জয়ন্ত ঘোষাল ও অশোক সেনগুপ্ত ● নয়াদিল্লি ও গুয়াহাটি

৫ অক্টোবর: উত্তর-পূর্বাঞ্চলে সন্ত্রাস মোকাবিলায় মার্কিন যুক্তরাষ্ট্র সাহায্যের প্রস্তাব দিয়ে অসম সরকারকে চিঠি দেওয়ায় বিতর্ক শুরু হয়েছে। সাম্প্রতিক জঙ্গি হামলার প্রেক্ষিতে ভারতে মার্কিন রাষ্ট্রদূত ডেভিড সি মালফোর্ড অসমের মুখ্যমন্ত্রী তরুণ গগৈকে ওই চিঠিটি লিখেছেন। তাতে তিনি বলেছেন, তদন্তের ব্যাপারে 'ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন' (এফবিআই)-এর যথেষ্ট দক্ষতা রয়েছে, তারা অসমের তদন্তে 'টেকনিক্যাল' সাহায্য করতে পারে। সাহায্য বলতে তিনি উল্লেখ করেছেন বিস্ফোরকের চরিত্র জানার জন্য ফরেন্সিক পরীক্ষার কথাও। চিঠিতে বলা হয়েছে, "যদি আপনি দরকার মনে করেন, তবে এফবিআই তদন্তের কাজে সাহায্য করতে পারে।"

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শিবরাজ পাটিলকেও যে তিনি এই সহযোগিতার প্রস্তাব দিয়েছেন, সে কথা মার্কিন রাষ্ট্রদূত মুখ্যমন্ত্রীকে পাঠানো চিঠিতে উল্লেখ করেছেন। চলতি পর্যায়ে জঙ্গি আক্রমণে নিহতদের প্রতি শ্রদ্ধা এবং আত্মীয়পরিজনকে সহানুভূতি জানিয়ে তিনি লিখেছেন, অসম সরকারের তদন্তে তাঁরা সাফল্যের আশা করছেন।

এই চিঠির ব্যাপারে বেজায় চটেছেন সিপিএমের পলিটব্যুরো সদস্য সীতারাম ইয়েচুরি এবং বিমান বসু। সীতারাম এটিকে ভারতের অভ্যন্তরীণ ব্যাপারে আমোরিকার 'নাক গলানো' বলেই মনে করছেন। বিমানবাবুর কথায়, "আমোরিকার কাজই হচ্ছে গৃহস্থকে সজাগ থাকতে বলা আর চোরকে চুরি করতে বলা। বিশ্বে সন্ত্রাসবাদী কাজকে আমেরিকাই মদত দেয়।" যাঁকে মালফোর্ড চিঠিটি লিখেছেন, সেই তরুণ গগৈ কিন্তু কোনও কড়া প্রতিক্রিয়া ব্যক্ত করেননি। তিনি বলেন, মার্কিন প্রস্তাবের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার এক্তিয়ার কেন্দ্রীয় সরকারের। জাতীয় নিরাপত্তার অন্তরায় না হলে এই ব্যাপারে অসম সরকারের আপত্তি নেই। তবে, দিল্লির সম্মতিই এ ক্ষেত্রে চূড়ান্ত।

ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্রের কথায়, "বিদেশের কোনও রাষ্ট্রই রাজ্যের সঙ্গে সরাসরি কোনও চুক্তি করতে পারে না। তবে কেন্দ্রকে এমন চিঠি দেওয়া যেতে পারে। তবে আমরা এ ব্যাপারে কিছু জানি না। সুতরাং কোনও মন্তব্য করব না।"

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের মুখপাত্রের মতে, এই চিঠি গ্রহণ করতে আপত্তি নেই। তবে, বিষয়টি নিয়ে বিতর্ক শুরু হয়ে যাওয়ায় এখন এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন শিবরাজ পাটিল। কাল তিনি নয়াদিল্লি ফিরলে তখনই বিষয়টির নিষ্পত্তি হবে। রাতে স্বরাষ্ট্রমন্ত্রক অবশ্য ব্যাখ্যা দিয়ে এক বিবৃতি দেয়। তাতে বলা হয়েছে, "সন্ত্রাসবাদ মোকাবিলার ক্ষেত্রে দু'দেশের মধ্যে পারস্পরিক সহযোগিতার সঙ্গে তাল রেখেই এই (মার্কিন) প্রস্তাব দেওয়া হয়েছে। ভারত সরকারের বর্তমান নির্দেশিকাকে মেনেই প্রস্তাবটি বিবেচনা করা হবে।"

কিন্তু সিপিএম বিষয়টিকে এত নরম করে দেখতে রাজি নয়। মার্কিন রাষ্ট্রদূতের চিঠি প্রসঙ্গে সীতারাম ইয়েচুরি বলেন, উত্তর-পূর্বাঞ্চলের জঙ্গি কার্যকলাপ উদ্বেগজনক। কিন্তু ভারত সরকার রাজ্য সরকারগুলির সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধানের ব্যবস্থা করবে। এ ব্যাপারে হঠাৎ আমেরিকা নাক গলাচ্ছে কেন? সর্রাসরি রাজ্যকে ওরা কোন অধিকারে এ ব্যাপারে সাহায্য দেওয়ার জন্য প্রস্তাব দেয়? এটি একটি যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা। ভারতের সংবিধানের প্রতি ওদের আস্থা রেখে চলা উচিত। আমেরিকা এ ব্যাপারে এত কেন উৎসাহিত হয়ে পড়েছে সেটাই প্রশ্ন।

মার্কিন দূতাবাসের মুখপাত্র ডেভিড কেনেডি অবশ্য ওই অভিযোগ মানতে নারাজ। তিনি বলেন, "আমরা ভারতের সংবিধানের প্রতি আস্থা রাখি। দেশের ভিতর যে জঙ্গি কার্যকলাপ চলছে, তা মোকাবিলায় মার্কিন যুক্তরাষ্ট্র সাহায্য করতে চাইছে। এটি নতুন কোনও ঘটনা নয়। কেন্দ্রকে এড়িয়ে রাজ্যকে কোনও চিঠি দেওয়া হয়েছে এমন নয়। আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিয়েছি। আবার রাজ্যকে একই চিঠি দেওয়া হয়েছে। কারণ, সমস্যাটা সংশ্লিষ্ট রাজ্যে। কেন্দ্র এবং রাজ্যকে দেওয়া চিঠির বিষয়বস্তুও এক। কাজেই এটি মূলত পারস্পরিক সমন্বয় এবং সহযোগিতার নিদর্শন।"

এর আগে রাষ্ট্রপুঞ্জও উত্তর-পূর্বাঞ্চলের ঘটনাবলীতে উদ্বেগ প্রকাশ করেছে। গতকাল রাষ্ট্রপতি এ পি জে আব্দুল কালাম এবং রাষ্ট্রপুঞ্জের মহাসচিব কোফি আন্নান জঙ্গি আক্রমণে দুশ্চিন্তা প্রকাশ করে এবং নিহতদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে অসম সরকারকে চিঠি পাঠিয়েছেন। সম্প্রতি ঢাকায় আওয়ামি লিগের জনসভায় বিস্ফোরণের পরে সন্ত্রাসবাদ দমনে কঠোর এবং কার্যকরী ব্যবস্থা নেওয়ার জন্য ওয়াশিংটন থেকে ঢাকাকে কড়া ভাষায় নির্দেশ দেওয়া হয়েছিল। উত্তর পূর্ব ভারতের কিছু অংশে বিস্ফোরণের সঙ্গে ঢাকার ওই বিস্ফোরণের মিল থাকার নেপথ্যে গোয়েন্দারা 'জেহাদি' জঙ্গিদের নাশকতার আশঙ্কা করছেন।

বিলেতফেরত শিক্ষাবিদ তথা হাইলাকান্দির বিজেপি নেতা প্রতুল দেবের অপহরণকাণ্ডের তদন্তে সাহায্য করতে চেয়ে কিছুকাল আগে স্কটল্যান্ড ইয়ার্ড থেকে চিঠি পাঠানো হয়েছিল অসমের মুখ্যমন্ত্রীকে। মুখ্যমন্ত্রী সেটি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে পাঠিয়ে দেন। দিল্লি থেকে সেই ব্যাপারে ইতিবাচক সিদ্ধান্ত নেওয়া হয়নি। কিন্তু তা নিয়ে কোনও বিতর্ক হয়নি।

এ বারের চিঠি নিয়ে বিতর্ক সৃষ্টি হওয়ায় বিদেশ মন্ত্রক ও স্বরাষ্ট্র মন্ত্রকের পক্ষ থেকে অবশ্য সতর্ক প্রতিক্রিয়া ব্যক্ত করা হয়েছে। আনুষ্ঠানিক কোনও সিদ্ধান্ত না হলেও ইতিমধ্যেই মার্কিন ও ভারতীয় গোয়েন্দারা সমন্বয় রক্ষা করে উত্তরপূর্বাঞ্চলের বিষয়ে কাজ করছেন। অতীতেও সংসদ আক্রমণের ঘটনার পরে রবার্ট ব্ল্যাকউইল লালকৃষ্ণ আডবাণীকে এই ধরনের চিঠি দিয়েছিলেন এবং আডবাণী সেই চিঠি গ্রহণ করেছিলেন। বাজপেয়ী জমানায় আর একটি সিদ্ধান্ত হয়েছিল।

সেটি হল, দু'জন মার্কিন গোয়েন্দা অফিসার (এফবিআই) দিল্লিতে মার্কিন দূতাবাসে কর্মরত থাকার ছাড়পত্র পাবেন। একই ভাবে আমেরিকায় ভারতীয় দূতাবাসে দু'জন ভারতীয় গোয়েন্দা অফিসারকে থাকার অনুমতি দেবে আমেরিকা। সেই প্রথা এখনও কার্যকর রয়েছে। তবে, এফবিআই দিল্লিতে তাদের একটি পৃথক অফিস করতে চেয়েছিল। সে ব্যাপারে কিন্তু আডবাণী তখন অনুমতি দেননি। সিদ্ধান্ত হয়েছিল, ভারত-মার্কিন গোয়েন্দারা দেশের ভিতর কোনও যুগ্ম অপারেশন করতে পারবে না। কিন্তু সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রেখে তথ্যবিনিময়ের ব্যবস্থাকে একটা প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া হতে পারে।

ANADABAZAR PATRIKA 6 OCT 2004

America lifts N-sanctions against India

Washington: The United States has lifted some of the sanctions against Indian space and nuclear entities, taking forward the next steps in strategic partnership between the two countries.

The US commerce department's decision to lift sanctions against Indian Space Research Organisation's (ISRO) subordinate entities and the department of Atomic energy (DAE) entities will ease export of some high-tech items to India. The department also said that it had now corrected some "mistakes" in an earlier announcement by the Bureau of Industry and Security. It said, for some items, there was a case-by-case review and for others, there was a presumption of approval. PTI

THE TIMES OF INDIA 1 OCT 2004

India, U.S. & trade in technology

By R. Ramachandran

The just-concluded India-U.S. agreement on high-technology trade contains only cosmetic changes to the policy on dual-use items.

THERE HAS been unwarranted hype about the India-United States talks on high-technology trade following the signing of an agreement by the External Affairs Secretary, Shyam Saran, and the U.S. Under Secretary of Commerce, Kenneth Juster, on September 17. Actually, no substantive movement forward has occurred. The agreement is said to mark the conclusion of Phase I of the Next Steps in Strategic Partnership (NSSP) Initiative. Media reports have tended to greatly exaggerate its impact, terming it a diplomatic triumph that would result in increased flow of dual-use goods into Indian civilian space and nuclear activities.

The NSSP was announced by the U.S. President, George W. Bush, in January 2004 as a follow-up to the Bush-Vajpayee agreement of November 2001 for cooperation in civilian nuclear and space programmes and high-technology trade. They had also agreed to "expand the dialogue on missile defense." A series of "reciprocal steps" are envisaged for progress in these areas of cooperation. India may have even yielded something without gaining anything substantial in return.

A major India-U.S. space conference in June followed the NSSP announcement. As it became clear at the conference, U.S. export control laws have severely limited such cooperation and trade. These laws include controls that follow from the U.S. commitment to multilateral agreements, such as the Nuclear Suppliers Group (NSG) and the Missile Technology Control Regime (MTCR), as well as those it imposed unilaterally. In particular, export of 'dual-use' goods is controlled by stringent Export Administration Regulations (EAR) of the U.S. Department of Commerce (DoC). In addition, several units of the Indian Space Research Organisation (ISRO), the Department of Atomic Energy (DAE) and the Defence Research and Development Organisation (DRDO) remained on the DoC's Entity List (EL) following post-Pokhran sanctions.

One of the 'guiding principles' of the Bush-Vajpayee agreement is that such strategic partnership will be *consistent with U.S. domestic laws and national security and foreign policy objectives, including compliance with international commitments.* This already greatly constrains the extent to which cooperation and high-tech trade can occur. The partnership initiative will, therefore, have significance for India only if the U.S. is willing to exploit the flexibility in its domestic laws to expand space and nuclear cooperation and trade in dual-use goods. This flexibility lies in how the U.S. wishes to define its "national security and foreign policy objectives." Progress in this regard has been negligible; the latest development does not significantly alter that situation.

The high-point of the Saran-Juster statement is supposed to be the "modifications to U.S. export licensing policies that will foster cooperation in commercial space programs and permit certain exports to power plants at safeguarded nuclear facilities." A closer analysis, however, reveals that the announced changes are merely cosmetic. More pertinently, these are in reciprocation for India's "implementation of measures to address proliferation concerns and to ensure compliance with U.S. export controls." The Ministry of External Affairs (MEA) has not informed the nation about the measures taken for compliance with *U.S. export control laws.* Do they compromise Indian sovereignty?

The EAR control export of dual-use goods for a variety of reasons — nuclear proliferation, missile technology, chemical and biological weapons, national security, foreign policy, anti-terrorism — through what is called the Commerce Control List (CCL). Each item has a specific Export Control Classification Number (ECCN) along with specified one or more reasons for control. Every ECCN has five characters XXXXX, where the second character is one of the alphabets A to E and the rest are digits 0 to 9. The set 'XX999' of items comprises low-tech goods that normally do not require a licence but are unilaterally controlled by the U.S. mainly for anti-terrorism reasons and are thus embargoed for countries such as Iraq, North Korea, Sudan and Syria.

There is also a basket of even lower level goods, called EAR99 items, controlled for non-specific contextual reasons but otherwise not requiring a licence. These do not figure in the CCL or have an ECCN or have specified reasons for control, but the DoC reserves the right to control their export. Post-Pokhran, an export licence was required for sending EAR-controlled goods, including EAR99 items, to the sanctioned entities in the EL, with a *presumption of denial.* After the October 2001 revision, licence was still required for all controlled items, but there was a *presumption of approval* only for EAR99 items.

The [illegible]

export control policies following the September 17 agreement were first stated in a DoC press release. The corresponding amendments to the EAR were made through a U.S. Federal Register Notification dated September 22. There are glaring inconsistencies, within the Notification as well as with the earlier press release, as regards the nuclear-related changes. The U.S. Embassy in New Delhi could not clarify matters either. According to MEA sources, however, the intended changes are correctly reflected in the summary statement in the Notification. They are:

Removing ISRO Headquarters, Bangalore, from the EL;

Removing licensing requirement for dual-use items classified as EAR99 and XX999 for export to the seven ISRO subordinate entities that remain on the EL;

A "presumption of approval" policy for all dual-use items *not* controlled for nuclear proliferation reasons, if intended for the "balance-of-plant" or non-nuclear, back-end, part — turbines, generators, controllers and power distribution — of the nuclear plants TAPS 1&2 and RAPS 1&2, which are under International Atomic Energy Agency safeguards.

What does each one of these imply for Indo-U.S. high-tech trade? ISRO's headquarters is mainly an administrative wing. It is not directly engaged in any satellite or launch vehicle projects. At best, it coordinates certain science-based multi-institutional projects involving universities and other institutions. So, import of high-tech goods by ISRO's headquarters is minimal. Removing it from the EL is, therefore, of little consequence. If sanctions against all the subordinate units too had been lifted, it would have constituted a significant first step in the NSSP initiative.

Removal of licensing requirement for the two sets — XX999 and EAR99 — of low-level dual-use items for the other ISRO units is also no big deal. For, being low-tech goods, they do not contribute to the expanded high-tech trade being talked about. In any case, there was a presumption of approval for EAR99 items after October 2001. Only the bureaucratic process of licence approval has now been dispensed with. However, DAE and DRDO units on the EL still require licence for EAR99 items, though there is a presumption of approval.

The third modification pertains to [illegible] nuclear goods and technologies, corresponding to NSG's Trigger List, is governed by the U.S. Nuclear Proliferation Prevention Act, 1978 and controlled by the Nuclear Regulatory Commission. Not being an NPT signatory, these items are out of bounds for India.

Nuclear-related dual-use goods, on the other hand, form part of the CCL and are controlled by EAR for nuclear proliferation reasons. There are in all 115 such items. Of these 12 are unilaterally controlled by the U.S. These include goods that would find use in the reactor part or the balance-of-plant, and could be of interest to India. Since even the NSG allows these to be exported to safeguarded facilities of a non-NPT signatory — not necessarily under a full-scope regime — the U.S. could have always exported these to Indian facilities like TAPS 1&2 and RAPS 1&2. But, given its paranoid proliferation concerns, these are embargoed.

What the present relaxation amounts to is a "presumption of approval" for dual-use items *not* controlled for proliferation reasons. That too only for balance-of-plant operations of TAPS 1&2 and RAPS 1&2. That is, the 115-odd proliferation-controlled items, which are actually significant to nuclear plant operations, are totally excluded. From the remaining controlled goods on the CCL, there is little that may be of direct relevance to balance-of-plant operations, which Indian industry cannot supply. According to Nuclear Power Corporation sources, the company has never in recent years sought to import any U.S. item for balance-of-plant operations. Even in this inconsequential nuclear-related modification, the upcoming Koodankulam plant, though under safeguards, has been excluded.

Coming back to space cooperation, the more important issue with regard to the export of U.S. satellites, subsystems and components — controlled by the U.S. State Department — does not seem to have been addressed at all. With U.S.-made systems dominating the satellite market, this has prevented ISRO from entering the launch services market despite low launch costs. Launch from India would require a licence for re-export by the customer, which is usually denied. This policy has also prevented interested companies such as Boeing from partnering ISRO to fabricate satellites. Boeing required a licence even to exchange data with ISRO. Some discussions have taken place and Boeing has shown interest in some of ISRO's satellite structures for mounting its payloads. If this has to fructify, more concrete policy measures from the U.S. are necessary than [illegible]metic chan[illegible]

বাম চাপ উপেক্ষা করে দৃঢ় সম্পর্কের উদ্যোগ

আমেরিকার অনুগত নয়, বন্ধু হতে চান মনমোহন

সীমা সিরোহি ● নিউ ইয়র্ক

২৫ সেপ্টেম্বর: আমেরিকার সঙ্গে ঘনিষ্ঠতা ও বিদেশি বিনিয়োগ টানার চেষ্টার জন্য তাঁকে যত সমালোচনাই শুনতে হোক না কেন, প্রধানমন্ত্রী মনমোহন সিংহ তা অগ্রাহ্য করে ভারত ও আমেরিকার মধ্যে একটি 'সত্যিকারের পার্টনারশিপ' গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। আত্মবিশ্বাসের সুরে তিনি এটাও বলেছেন, "আমরা (ভারত ও আমেরিকা) একই পক্ষে রয়েছি।" পূর্বতন বাজপেয়ী সরকারের আমলে ভারত-মার্কিন সম্পর্কে যে ঘনিষ্ঠতা দেখা দিয়েছিল, তা থেকে পিছিয়ে আসার জন্য বামপন্থীরা প্রকাশ্যেই চাপ দিচ্ছেন। তবুও পিছিয়ে আসার কোনও ইঙ্গিত না দিয়ে প্রধানমন্ত্রী জানিয়ে দিলেন, তিনি আমেরিকার সঙ্গে সম্পর্ক দৃঢ় করার পক্ষপাতী, এবং তা দ্বিপাক্ষিক সম্পর্কে আটকে না রেখে বিশ্বজুড়ে কর্মকাণ্ডে সহযোগিতার সম্পর্কে পরিণত করতে আগ্রহী।

আমেরিকাকে ঘিরে তাঁর দৃষ্টিভঙ্গি ও চিন্তাভাবনা তিনি ব্যাখ্যা করেন এখানে কাউন্সিল অন ফরেন রিলেশনস আয়োজিত সভায়। মার্কিন বিদেশনীতির বিভিন্ন দিক সম্পর্কে বিশেষজ্ঞদের নিয়ে তৈরি এই কাউন্সিল মার্কিন বিদেশনীতি এবং আন্তর্জাতিক রাজনীতি সংক্রান্ত আলোচনায় যথেষ্ট মর্যাদা পেয়ে থাকে। সেখানে প্রধানমন্ত্রী তাঁর দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করে প্রস্তাব দেন, 'বিশ্বের বৃহত্তর স্বার্থে' দুই দেশের মধ্যে একটি সহযোগিতার সম্পর্ক গড়ে তোলা হোক। তিনি বলেন, "আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ক এখন অনেক পরিণত। ফলে, আমরা এখন নিজেদের মধ্যে মতপার্থক্যকে বাস্তবোচিত ও যুক্তিযুক্ত উপায়ে মোকাবিলা করতে সক্ষম। এক কথায় আমি এটাই বলতে চাই: আমরা একই দিকে রয়েছি। দু'দেশের সম্পর্কের সবচেয়ে ভাল ব্যাপার এখনও ঘটা বাকি।"

প্রধানমন্ত্রী থাকাকালীন অটলবিহারী বাজপেয়ী ২০০০ সালে এখানে এসে প্রথমবার দু'দেশকে 'স্বাভাবিক মিত্র' হিসাবে দেখার কথা বলেছিলেন। কিন্তু তার পরে আন্তর্জাতিক দুনিয়ায় অনেক পটপরিবর্তন হয়েছে। ৯/১১-এর পরে আমেরিকা সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধঘোষণা করেছে, রাষ্ট্রপুঞ্জের মতামতকে অগ্রাহ্য করে ইরাক আক্রমণ করেছে, পাকিস্তানের সঙ্গে সম্পর্ক আরও দৃঢ় ও ঘনিষ্ঠ করেছে। কিন্তু এত সব গুরুত্বপূর্ণ ঘটনার পরেও ভারত কিন্তু আমেরিকার ঘনিষ্ঠ হওয়ার ইচ্ছা ছাড়েনি। মনমোহন নিজে বাস্তববাদী, তাই তিনি বলছেন যে দু'দেশের মধ্যে মতপার্থক্য ও বিরোধের কারণগুলি পাশে সরিয়ে রেখে যে সব ক্ষেত্রে একসঙ্গে কাজ করা যায়, সে দিকে মনোনিবেশ করা হোক। তাঁর বিশ্বাস, তা হলেই ভারত এই দ্রুত পরিবর্তনীয় আন্তর্জাতিক চিত্রে নিজের উপযুক্ত ভূমিকা ও গুরুত্ব পেতে পারবে।

দু'দেশের সম্পর্কে 'পার্টনারশিপ' কথাটি আরোপ করে প্রধানমন্ত্রী মনে করিয়ে দিতে চান যে, আমেরিকার সঙ্গে ভারত সমান মর্যাদায় হাত মেলাতে আগ্রহী, উর্ধতন ও অধস্তনের সম্পর্কে যেতে আগ্রহী নয়। রাষ্ট্রপুঞ্জের মঞ্চে মনমোহন তাই ইরাকে আমেরিকার ভূমিকা নিয়ে সমালোচনা করতে দ্বিধা করেননি। তবে আমেরিকার নাম না-করেই। তিনি বোঝেন যে, আমেরিকার আপত্তি এড়িয়ে ভারত কিছুতেই নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য হতে পারবে না, বা পরমাণু অস্ত্র সংক্রান্ত বৈষম্যমূলক চুক্তির ফলে পরমাণু শক্তি হিসাবে স্বীকৃতি পাবে না। তাই এই সতর্ক পদক্ষেপ— আমেরিকার বন্ধু হব, কিন্তু অনুগামী হব না।

